

পরিপত্র

বিষয়ঃ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের লক্ষ্যে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানকসমূহ যাচাই-বাছাইয়ে ভাতা বিতরণ কার্যক্রম গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরণের নিমিত্ত মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি প্রসঙ্গে।

সারাদেশে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম সৃষ্ট ও সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে সকল জেলার প্রকৃত ভাতাভোগী মুক্তিযোদ্ধা এবং নতুনভাবে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় অর্ন্তভুক্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার তথ্যাদি (প্রমানক হিসেবে সনদ, গেজেট, জন্ম সনদ, মুক্তিবার্তা/ভারতীয় তালিকা নম্বরসহ সকল কাগজপত্র) মাঠ পর্যায়ে জেলা প্রশাসক কর্তৃক সংগ্রহপূর্বক তার জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করতঃ প্রমানকসমূহ যাচাই-বাছাইয়ে ভাতা বিতরণ কার্যক্রম গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার নিমিত্ত পরিপত্র জারী করা হলঃ

- (১) জেলা কমিটি (মহানগর এলাকার জন্য)ঃ
- | | |
|--|------------|
| ক) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সভাপতি |
| খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| গ) মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার অথবা তাঁর মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| ঘ) সর্বশ্রেষ্ঠ থানা মুক্তিযোদ্ধা কমান্ডার | সদস্য |
| ঙ) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব |
- (২) উপজেলা কমিটিঃ
- | | |
|--|------------|
| ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| গ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের একজন মনোনীত মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| ঘ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার | সদস্য |
| ঙ) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য সচিব |
- (৩) ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিবেচনা-
- ক) যাদের নাম মুক্তিবার্তা চূড়ান্ত তালিকায় (মুক্তিবার্তা লালবই) অর্ন্তভুক্ত আছে (সবুজ তালিকা গ্রহণযোগ্য নয়);
- খ) যাদের নাম ভারতীয় তালিকায় অর্ন্তভুক্ত আছে;
- গ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে সনদধারী মুক্তিযোদ্ধাগণ;
- ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাদের নামে মুক্তিযোদ্ধা সাময়িক সনদপত্র ইস্যু করা হয়েছে এবং যাদের নামে এ মন্ত্রণালয় কর্তৃক গেজেট প্রকাশ করা হয়েছে (তবে এক্ষেত্রে সাময়িক সনদপত্রধারীদের অবশ্যই গেজেট থাকতে হবে এবং গেজেটের নাম ঠিকানার সাথে সাময়িক সনদের মিল থাকতে হবে)।
- (৪) এছাড়াও মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে-
- ক) বিভিন্ন কারণে কারনিক ভুল হিসেবে নামের বানানে ই কার, ঈ কার, মৃত/মরহুম, মিয়া/মিএরা, সৈয়দ/হেয়াদ ইত্যাদি কারনিক ভুল হিসেবে বিবেচনা;
- খ) নাম ঠিকানার ক্ষেত্রে মৌলিক পার্থক্য/ভুল থাকলে ভাতা প্রদান না করে এ ধরনের বিষয় সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- গ) সনদ, গেজেট, জন্ম সনদ, মুক্তিবার্তা/ভারতীয় তালিকা নম্বর প্রমানকসমূহের আলোকে ভাতা প্রাপ্তির লক্ষ্যে মুক্তিযোদ্ধার তথ্যাদি যাচাই-বাছাই করতে হবে;
- ঘ) মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত কমিটি মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
- ঙ) ভাতা প্রাপ্তির ক্ষেত্রে ভাতাভোগীর বয়স ২৬/০৩/১৯৭১ তারিখে ন্যূনতম ১৩ বৎসর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এসএসসি সনদকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এসএসসি সনদ না থাকলে সেক্ষেত্রে পাসপোর্টে উল্লেখিত বয়স বিবেচনা করা যেতে পারে। অথবা নির্ধারিত ফরমে জন্ম সনদ ও এনআইডি মিলিয়ে বয়সের ক্ষেত্রে সিদ্ধান্ত নিতে হবে। মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে নির্ধারিত ফরমে মৃত্যুসনদ দাখিল করতে হবে।

২৫/৯/১৫

-০২-

- (৫) মুক্তিযোদ্ধাগণ কর্তৃক দাখিলকৃত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদ, লাল মুক্তিবার্তা, ভারতীয় তালিকার বিষয়ে কোন প্রকার সংশয় দেখা দিলে উহা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় অথবা মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে যাচাই করে নেয়া যেতে পারে। তবে গেজেট বা সাময়িক সনদ যাচাই-বাছাইয়ে প্রয়োজন হলে সরাসরি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।

(মুহাম্মদ নূর আলম)
উপসচিব (বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩
dsadmin2@molwa.gov.bd

- বিতরণঃ
- ১। জেলা প্রশাসক (সকল).....।
 - ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).....।
 - ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল).....।
 - ৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, (সকল).....।
 - ৫। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (সকল).....।
 - ৬। উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (সকল).....।

- অনুলিপি সদয় অবগতির জন্যঃ
- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
 - ২। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
 - ৩। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, গজনিবী রোড, মোহাম্মদপুর, ঢাকা;
 - ৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
 - ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, মতিঝিল বা/এ, ঢাকা;
 - ৬। বিভাগীয় কমিশনার (সকল).....;
 - ৭। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা;
 - ৮। চেয়ারম্যান বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
 - ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা;
 - ১০। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা;
 - ১১। যুগ্ম-সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

(মুহাম্মদ নূর আলম)
উপসচিব (বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩